

📃 আর-রাহমান | Ar-Rahman | ٱلرَّحْمُٰن

আয়াতঃ ৫৫: ৬৮

আরবি মূল আয়াত:

فِيهِمَا فَاكِهَمُّ وَّ نَحْلٌ وَّ رُمَّانٌ ﴿ ٢٨ ﴾

এ দু'টিতে থাকবে ফলমূল, খেজুর ও আনার। — আল-বায়ান তাতে আছে ফলমূল, আর খেজুর আর ডালিম, — তাইসিরুল সেখানে রয়েছে ফলমূল, খেজুর ও আনার। — মুজিবুর রহমান

In both of them are fruit and palm trees and pomegranates. — ${\sf Sahih}$ International

৬৮. সেখানে রয়েছে ফলমূল—খেজুর ও আনার।

তাফসীরে জাকারিয়া

(৬৮) সেখানে রয়েছে ফলমূল খেজুর ও ডালিম। [1]

[1] প্রথমোক্ত দুই বাগানের বিশেষণ সম্পর্কে বলা হয়েছে যে, প্রতিটি ফল দু'প্রকারের হবে। তাহলে এটা স্পষ্ট যে, তাতে মর্যাদা বৈশিষ্ট্যের যে আধিক্য রয়েছে, তা শেষোক্ত দুই বাগানের ক্ষেত্রে নেই।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4969

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন